

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬৮৮

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - জানাযার সাথে চলা ও সালাতের বর্ণনা

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الصَّلَاةِ عَلَى الْجَنَازَةِ: اللَّهُمَّ أَنْتَ رَبُّهَا وَأَنْتَ خَلَقْتَهَا وَأَنْتَ هَدَيْتَهَا إِلَى الْإِسْلَامِ وَأَنْتَ قَبَضْتَ رُوحَهَا وَأَنْتَ أَعْلَمُ بِسِرِّهَا وَعَلَانِيَتِهَا جَئْنَا شُفْعَاءَ فَاغْفِرْ لَهُ. رَوَاهُ أَبُو دَاوُد

#### বাংলা

১৬৮৮-[৪৩] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম জানাযার সালাতে এ দু'আ পড়তেন,

''আল্ল-হুম্মা আনতা রব্বুহা-, ওয়া আনতা খলাক্বতাহা-, ওয়া আনতা হাদায়তাহা- ইলাল ইসলা-ম ওয়া আনতা ক্বাযতা রহাহা-, ওয়া আনতা আ'লামু বিসির্বিহা- ওয়া 'আলা- নিয়াতিহা-, জি'না- শুফা'আ- আ ফাগফির লাহু''

(অর্থাৎ হে আল্লাহ! এ [জানাযার] ব্যক্তির তুমিই 'রব'। তুমিই তাকে সৃষ্টি করেছ, তুমিই তাকে ইসলামে দীক্ষিত করেছ, তুমিই তার রূহ কবয করেছ তুমিই তার গোপন ও প্রকাশ্য [সব কিছু] জানো। আমরা তার জন্য তোমার কাছে সুপারিশ করতে এসেছি, তুমি তাকে মাফ করে দাও।)। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৩২০০, আহমাদ ৮৭৫১, আমলুল ইয়াম ওয়াল লায়লাহ্ ১০৮৫০। কারণ এর সানাদে 'আলী ইবনু শাম্মাখ একজন দুর্বল রাবী।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: মাইয়্যিতের জন্য দু'আয় এভাবে বাক্য ব্যবহার করে ইনিয়ে বিনিয়ে দু'আ করা বৈধ এবং তা করা উচিত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন